



## ইঞ্জিনিয়ারদের সমস্যায় নিরপেক্ষ সমাধানের আশ্বাস: উপদেষ্টা ফাওজুল কবির খান



সংগৃহীত ছবি

বিএসসি ও ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের দাবি মেটাতে নিরপেক্ষতা বজায় রেখে সমাধানের আশ্বাস দিয়েছেন জ্বালানি ও খনিজ বিষয়ক উপদেষ্টা ফাওজুল কবির খান। তিনি জানান, ১৪ সদস্যের একটি ওয়াকিং গ্রুপ গঠন করা হবে যেখানে আন্দোলনকারীদের দাবিগুলো পর্যালোচনা করা হবে।

বৃহস্পতিবার (২৮ আগস্ট) দুপুরে সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে জ্বালানি ও খনিজ বিষয়ক উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির খান বলেন, “বিএসসি ও ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের সমস্যার সমাধান নিরপেক্ষভাবে করার চেষ্টা করা হবে।”

তিনি জানান, সরকার প্রকৌশলীদের দাবিগুলো গুরুত্বের সঙ্গে নিয়েছে। তবে এখন আন্দোলন না করে আলোচনার সুযোগ দিতে হবে। উপদেষ্টা বলেন, “একদিকে ৩ দফা, অন্যদিকে ৭ দফা দাবি রয়েছে। এর মধ্যে ভারসাম্য রক্ষায় একটি কমিটি ব্রিজ হিসেবে কাজ করবে। কারণ এক গ্রুপের দাবি মানলে অন্য গ্রুপ অসন্তুষ্ট হতে পারে।”

সমাধান প্রক্রিয়ার অংশ হিসেবে ১৪ সদস্যের একটি ওয়াকিং গ্রুপ গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে, যেখানে সরকারি ও শিক্ষা প্রতিষ্ঠানের প্রকৌশল খাতের প্রতিনিধিরা থাকবেন। আন্দোলনকারীরা এই গ্রুপের কাছে তাদের দাবি উত্থাপন করতে পারবেন।

উপদেষ্টা আরও জানান, কমিটি আন্দোলনকারী, বিএসসি ও ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের অভিভাবকসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সঙ্গে বৈঠক করবে। এর মাধ্যমে ধাপে ধাপে সমস্যার সমাধান করা হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।